

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
জেলা কমান্ড্যান্টের কার্যালয়  
মাদারীপুর।

স্মারক নং ৪৪.০৩.৩০৫৪.০০২.০০.০০০.২৫- ১৫৫১

তারিখ : ১৫ আশ্বিন-১৪৩২  
৩০ সেপ্টেম্বর-২০২৫

### অফিস আদেশ

এই মর্মে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জেলা কমান্ড্যান্টের কার্যালয়, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী মাদারীপুরে আগামী ০৫/১০/২০২৫ খ্রি. হতে ১৮/১০/২০২৫ খ্রি. পর্যন্ত ১০০ জনের ১৪ দিন মেয়াদী উপজেলা/থানা আনসার মৌলিক প্রশিক্ষণ কোর্স-৩য় ধাপ (পুরুষ) অনুষ্ঠিত হবে।

সে লক্ষ্যে আনসার প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর, খিলগাঁও, ঢাকার স্মারক নং ৪৪.০৩.০০০০.০৬১.৩০.০৫৫.২৩-৪৩৬, তারিখ : ১৯/০৮/২০২৫ খ্রি. মূলে জারীকৃত পত্রের নির্দেশনা অনুযায়ী বর্ধিত উপজেলায় নির্ধারিত কোটা অনুযায়ী প্রশিক্ষণার্থী (পুরুষ) বাছাই করত: আগামী ০২/১০/২০২৫ খ্রি. তারিখে অত্র জেলা আনসার ও ভিডিপি কার্যালয়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি প্রেরণ নিশ্চিত করবেন এবং ০৪/১০/২০২৫ খ্রি. তারিখ বিকাল ০৫.০০ ঘটিকায় মাদারীপুর জেলা আনসার ও ভিডিপি কার্যালয়ে বাছাইকৃত প্রশিক্ষণার্থী প্রেরণ করার জন্য বলা হলো।

ক্র. নং	প্রশিক্ষণের নাম	মেয়াদ ও স্থান	প্রশিক্ষণার্থীর কোটা	মন্তব্য
০১	উপজেলা/থানা আনসার মৌলিক প্রশিক্ষণ (পুরুষ)-৩য় ধাপ	১৪ দিন জেলা আন্ডি কার্যালয়, মাদারীপুর	সদর-২৫, কালকিনি-১৫, ডাসার-১৫, রাঙ্গৈর-২৫, শিবচর-২০	

#### উপজেলা/থানা আনসার মৌলিক প্রশিক্ষণ গ্রহণের যোগ্যতা-ও শর্তাবলী

- ০১। বয়স : ১৮-৩০ বছর হতে হবে।
- ০২। ন্যূনতম ৮ম শ্রেণি পাশ হতে হবে।
- ০৩। উচ্চতা : সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ৪ ইঞ্চি (পুরুষ)
- ০৪। শারীরিক যোগ্যতা : মেডিকেল ফিটনেস থাকতে হবে।
- ০৪। জাতীয় পরিচয়পত্রধারী হতে হবে।
- ০৫। প্রশিক্ষণ গ্রহণের জন্য শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে।
- ০৬। স্বৈচ্ছাসেবক হিসেবে কাজ করতে আগ্রহী হতে হবে।
- ০৭। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে দায়িত্বপালনে প্রতিশ্রুতিবদ্ধ হতে হবে।
- ০৮। গ্রামে/ইউনিয়নে/পৌরসভা/ওয়ার্ডে স্থায়ীভাবে বসবাসকারী এবং নিজ এলাকায় কর্মস্থান আছে এমন ব্যক্তি নির্বাচন করতে হবে।

#### চারিত্রিক ও সামাজিক যোগ্যতা :

- ০১। উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।
- ০২। আচার-আচরণ সামাজিক প্রচলিত নিয়ম-কানুন, সংস্কৃতি, নৈতিকতা ও মূল্যবোধের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

**\*\* একই সাথে বিষয়টি ব্যাপক হারে প্রচারের কার্যক্রম গ্রহণের জ্যে নির্দেশ প্রদান করা হলো \*\***

(বি. দ্র. বাছাইকৃত প্রার্থীকে প্রশিক্ষণে অংশ গ্রহণের দিন তার সফল প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদের মূলকপি ও সত্যায়িত ফটোকপি, ভিডিপি মৌলিক প্রশিক্ষণের সনদপত্র, স্থানীয় চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অবশ্যই সঙ্গে আনতে হবে। অন্যথায় তাকে প্রশিক্ষণে অংশ গ্রহণ হতে বিরত রাখা হবে)

৩০.০৭.২০২৫

ফারজানা রহমান  
বিএডি নং- ১২০১৯০  
জেলা কমান্ড্যান্ট  
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
মাদারীপুর।  
মোবাইল নাম্বার : ০১৭৩০০৩৮০৭০

স্মারক নং ৪৪.০৩.৩০৫৪.০০২.০০.০০০.২৫- ১৫৫৩

তারিখ : ১৫ আশ্বিন-১৪৩২  
৩০ সেপ্টেম্বর-২০২৫

অনুলিপি :

- ১। উপ-মহাপরিচালক  
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
ঢাকা রেঞ্জ, ঢাকা। -সদয় অবগতির জন্য।
- ২। প্রশিক্ষণ আনসার শাখা  
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
- ৩। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা  
সদর/ডাসার/কালকিনি/রাজের/শিবচর  
মাদারীপুর। -অবগতি ও কার্যক্রমের জন্য।
- ৪। অফিস/মাস্টার কপি। -সংরক্ষণের জন্য।

১৫.৯.২৫  
জেলা কমান্ড্যান্ট  
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
মাদারীপুর।